JAN. 3 1 2001

দৈনিক সংবাদ

তারিখ ... পৃষ্ঠা ৩ কলাম ৪

### সৈয়দপুর হোমিও কলেজ

# চলছে পরীক্ষা, তবে নকলের মহোৎসবের ভেতর দিয়ে

সৈয়দপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ সৈয়দপুর হোমিওপ্যাথিক কলেজে টেবিলের ওপর বই খুলে রেখে পরীক্ষা দিচ্ছে পরীক্ষার্থীরা। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সবাইকে ম্যানেজ করেছেন। এজন্য পরীক্ষার্থীদের দিতে হয়েছে অতিরিক্ত অর্থ। অর্থের বিনিময়ে তারা পড়াশোনা না করেই বই দেখে ফ্রি স্ট্রাইলে ডাক্তারী পরীক্ষা দিচ্ছে।

সৈয়দপুর হোমিওপ্যাথিক কলেজে গত ২৩শে জানুয়ারি থেকে ডিএইচএমএইচ পরীক্ষার বিভিন্ন বর্ষের পরীক্ষা শুরু হয়েছে। প্রতিবছরই ব্যাপক গণটোকাটুকির মধ্য দিয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। এবারেও তার ব্যতিক্রম ঘটেনি। ফ্রিস্টাইলে পরীক্ষার্থীরা পরীক্ষা দিচ্ছে। সহযোগিতা করছেন কলেজের শিক্ষকরা। তারা বই থেকে উত্তর খুঁজে সেসব বই তুলে দিচ্ছেন পরীক্ষার্থীদের হাতে। এসব পরীক্ষার্থী এমনই অথর্ব যে, এদের অধিকাংশেরই পাঠ্যবই সম্পর্কে কোন ধারণা নেই। পরীক্ষার ফরম পূরণের সময় তারা দিয়ে থাকে মোটা অঙ্কের অর্থ। এ অর্থ দিয়ে পরিদর্শকসহ সবাইকে ম্যানেজ করা হয়। এ বছর ২৭৫ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। পরীক্ষা শুরু হওয়ার প্রথম দিন কলেজের সভাপতি ইউএনও সাহেব একবার পরিদর্শনে এসে আধঘন্টা থেকে চলে গেছেন। এরপর থেকে গুরুত্বপূর্ণ এই পরীক্ষার ব্যাপারে আর কাউকে নজরদাবি করতে দেখা যায়নি।

কলেজের একটি সূত্র জানায়, একাত্তর সালের স্টাইলকেও হার জানিয়েছে এই পরীক্ষা। এ যাবৎ ১ম থেকে ৪র্থ বর্ষ পর্যন্ত মোট ১০টি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বাকি রয়েছে আরো ৬টি বিষয়ের পরীক্ষা। পরীক্ষা চলাকালীন বাহ্যিকভাবে কঠোর নিরাপত্তা নেয়া হয়েছে, এমনভাব দেখানো হলেও পরীক্ষা কেন্দ্রের ভেতরে চলছে অবাধে নকল।

এ ব্যাপারে ফোনে যোগাযোগ করা হলে কলেজ কর্তৃপক্ষ জানান, ১ম দিন ছাড়া কোন পরিদর্শক আসেননি। খুব ভালভাবেই পরীক্ষা চলছে।